



সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবি ছাত্রের আকস্মিক মৃত্যুর ঘটনায় উপাচার্যের মতবিনিময়

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষা প্রশাসন বিভাগের তৃতীয় বর্ষের ছাত্র মো. মোস্তফা তারেক সিয়ামের আকস্মিক মৃত্যুর ঘটনায় সাধারণ শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করেছেন উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। আজ বৃহস্পতিবার (৩১ অক্টোবর ২০২৪) সকালে নোবিপ্রবি কেন্দ্রীয় অডিটোরিয়ামে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় নোবিপ্রবি উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম, ভাষা শহিদ আবদুস সালাম হলের প্রভোস্ট অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর সরকার ও প্রক্টর এ.এফ.এম আরিফুর রহমানসহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও সাধারণ শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

সভার শুরুতে নিহতের আত্মার মাগফেরাত কামনা করে দাঁড়িয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়। এরপর শিক্ষার্থীরা ৬ দফা দাবি পেশ করে। এসময় উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল শিক্ষার্থীদের দাবিসমূহ মনোযোগ দিয়ে শুনেন এবং তাদের সুরক্ষায় সকল প্রকার পদক্ষেপ গ্রহণ করা হবে বলে আশ্বস্ত করেন। সভায় বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টার ও পরিবহন পুলকে কিভাবে আরও কার্যকর করা যায় তা নিয়ে শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করেন।

উপাচার্য তার বক্তব্যে শিক্ষার্থী মো. মোস্তফা কামাল সিয়ামের অকাল মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন ও নিহতের শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান। শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, শিক্ষার্থী মৃত্যুর ঘটনায় ৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে এবং আগামী ৩-৫ কার্যদিবসের মধ্যে কমিটিকে রিপোর্ট প্রদান করতে বলা হয়েছে। আমি দায়িত্ব নেয়ার পরে মেডিকেল সেন্টারে ঔষধের ফান্ড ৫০ হাজার টাকায় উন্নীত করেছি, প্রয়োজনে ফান্ড আরও বাড়ানো হবে। দ্রুতই সরকারি নিয়ম মেনে মেধার ভিত্তিতে ডাক্তার নিয়োগ দেয়া হবে। তার আগ পর্যন্ত যথার্থি বিদ্যমান ডাক্তারগণ অধিক গুরুত্ব নিয়ে দায়িত্ব পালন করবে। আমরা মেডিকেল সেন্টারে সার্বক্ষণিক ডাক্তারি সেবা বলবৎ রেখেছি। সপ্তাহে এক/দুই দিন ইএনটি এবং গাইনি বিশেষজ্ঞ ডাক্তারি সেবা নিশ্চিত করা হবে। একইসঙ্গে বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগ ও মেডিকেল সেন্টারের যৌথ প্রয়াসে সেবামুখি উদ্যোগ নেয়া হবে। এক সপ্তাহের মধ্যে মেডিকেল টেকনোলজিস্টদের প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।

এসময় তিনি আরো বলেন, আজকেই ফাস্ট এইড বক্স নিয়ে আসা হবে। মেয়েদের হলে মাস্টার রোল ভিত্তিতে হলেও মহিলা নার্স ও আয়ার ব্যবস্থা করা হবে। দুটি অ্যাম্বুলেন্স ২৪ ঘণ্টা মেডিকেল সেন্টারের দায়িত্বে থাকবে। নতুন অ্যাম্বুলেন্স যতদ্রুত সম্ভব মেডিকলে আনা হবে। তা না হলে ভাড়াভিত্তিক আনা হবে। একই সঙ্গে ৯৯৯ সেবা নম্বর থেকেও যেন আমরা সার্ভিস পাই তার ব্যবস্থা করা হবে।

উপাচার্য শিক্ষার্থীদের উদ্দেশ্যে আরও বলেন, আপনারা বিশ্ববিদ্যালয়ের আর্থিক খাতে যদি কোনো অনিয়ম দেখেন, অভিযোগ দিলে সরাসরি ব্যবস্থা নেয়া হবে। হলগুলোতে অক্সিজেন সিলিন্ডারের ব্যবস্থা করা হবে এবং ফায়ার এক্সটিংগুইশারের ব্যবস্থা করা হবে। এগুলো ব্যবস্থাপনার জন্য উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। আমরা ইতোমধ্যে হলের খাবারের দাম কমিয়েছি। খাবারের মান বৃদ্ধিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি আরও বলেন, বিশ্ববিদ্যালয়ের ভবিষ্যতে নির্মিতব্য ল্যাবরেটরি স্কুল নিহত ছাত্র মো. মোস্তফা তারেক সিয়ামের নামে নামকরণের বিষয়ে ইউজিসিতে প্রস্তাব পাঠানো হবে। ছাত্র, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী মিলে নোবিপ্রবি একটি পরিবার। এ পরিবারের সমস্যা সমাধানে সব ক্লাসের সি.আর ও সাধারণ শিক্ষার্থীদের সঙ্গে আগামী দিনগুলোতেও মতবিনিময় সভা করা হবে।

সবশেষে দোয়া পরিচালনার মধ্য দিয়ে সভার সমাপ্তি হয়। পরে বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে মিলাদ ও বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে সিয়ামের গায়েবানা জানাযা অনুষ্ঠিত হয়। এতে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইলসহ নোবিপ্রবির সর্বস্তরের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা, কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করে।

প্রসঙ্গত, ৩০ অক্টোবর ২০২৪ নোবিপ্রবি শিক্ষা প্রশাসন বিভাগের তৃতীয় বর্ষের শিক্ষার্থী মো. মোস্তফা তারেক সিয়াম (২১) মারা যায়। খেলার মাঠে বুকো ব্যাথা অনুভূত হবার পর হাসপাতালে নেয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪